

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-২(২১)শুক্রঃ রগুনি ও বন্ড/২০০৬/৩০৮(২)

তারিখ : ১০.০৮.২০০৬ইং

বিষয় : বন্ড লাইসেন্স স্থগিত অথবা দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর আওতায় ২০২ ধারা জারীকৃত প্রতিষ্ঠানের বিপরীতে সাব কন্ট্রোল
এর অনুমতি প্রদান প্রসংগে।

সূত্র : কাস্টমস বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম এর পত্র নং-৫(২০)০৫/বন্ড-কমিঃ/আকা/ ২০০১(অংশ-১)/৯৬১৯,
তারিখ-০৩.০৭.০৬ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে
পর্যালোচনা করা হয়েছে। কোন প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স যথাযথভাবে নবায়িত/কার্যকর না থাকলে, এবং/অথবা কোন প্রতিষ্ঠানের
উপর কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ২০২ ধারার আওতায় নোটিশ বলবৎ থাকলে সেই প্রতিষ্ঠানকে বন্ড সুবিধায় আমদানীকৃত উপকরণ
দিয়ে সাব-কন্ট্রোল করার অনুমোদন দেয়া যাবে না মর্মে জাতীয় রাজস্ব বোর্ড মনে করে।

০২। এ বিষয়টি কঠোরভাবে অনুসরণ করার জন্য বিজিএইএ ও বিকেএমইএ-কে পরামর্শ দেয়া হলো।

(সৈয়দ মুসফিকুর রহমান)
দ্বিতীয় সচিব (শুক্রঃ রগুনি ও বন্ড)

প্রাপক : কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।